সংবাদ

তারিখ ৪/১/৮১
পৃষ্ঠা ... কলাম ...



# ঢাকায় প্রাথমিক শিক্ষকদের বিক্ষোভ মিছিল

(নিজস্ব বার্তা পরিবেশক)

সরকারের বিশ্বাস ভঙ্গের প্রতিবাদে গতকাল শুক্রবার বেলা ২ টায় ঢাকা মহানগরীর প্রাথমিক শিক্ষকগণ ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে সমবেত হন এবং সেখান থেকে বিক্ষোভ মিছিল বের করেন।

শিল্পকলা একাডেমীতে অবস্থানরত রাষ্ট্রপতির নিকট প্রাথমিক শিক্ষকদের জন্য একটি অভিন্ন চাকরিবিধি প্রণয়ন এবং প্রাথমিক বিদ্যালয়গুলোকে পৌর কর্পোরেশন কর্তৃপক্ষের অধীনে ন্যস্ত করার সিদ্ধান্ত বাতিল করার দাবী সম্বলিত স্মারকলিপি পেশ করার জন্য মিছিল অগ্রসর হলে পথিমধ্যে পুলিশ মিছিলকারীদের বাধা দেয়। প্রায় এক ঘণ্টা ধরে রাস্তায় অবস্থান ধর্মঘট করার পর তারা কর্মরত পুলিশ কর্মকর্তার নিকট স্মারকলিপি পেশ করে সে স্থান ত্যাগ করে।

এদিকে বিভিন্ন রাজনৈতিক ও শ্রমিক সংগঠন প্রাথমিক বিদ্যালয়গুলোর দায়িত্ব পৌর কর্পোরেশনের হাতে তুলে দেয়ার আইন বাতিল করার দাবী জানিয়েছেন।

বাংলাদেশের কমিউনিস্ট পার্টির কেন্দ্রীয় সম্পাদকমণ্ডলী এক বিবৃতিতে প্রাথমিক শিক্ষকদের এই আন্দোলনের সাথে একাত্মতা ঘোষণা করেন।

ঢাকা নগর জাসদের সভাপতি জনাব আখিকুর রহমান ও সাধারণ সম্পাদক জনাব খালেকুজ্জামান চৌধুরী সকল ভয়ভীতি ও লোভ-লালসা উপেক্ষা করে দাবী আদায়ের লক্ষ্যে অটল থাকার জন্য প্রাথমিক শিক্ষক-শিক্ষিকাদের প্রতি আহবান জানিয়েছেন।

জাতীয় শ্রমিক লীগের সভাপতি জনাব মোহাম্মদ আলীম উদ্দিন, সাধারণ সম্পাদক জনাব মোঃ মাহবুবুল আলম ও যুগ্ম সম্পাদক জাতীয় সংসদ সদস্য জনাব শাহ মোহাম্মদ আবু জাফর শিক্ষকদের 'বিশ্বাস ভঙ্গ দিবস পালন' কর্মসূচীর সাথে একাত্মতা ঘোষণা করেছেন।